

রাজা

স্বরঙ্গমা । আমি তোমার সঙ্গে যাব ।

সুদর্শনা । কি বলিস্ তুই ? তোর প্রভুকে ছেড়ে দূরে
যাবি, এ কি রকম প্রার্থনা ?

স্বরঙ্গমা । দূরে নয় মা, তুমি যখন বিপদের মুখে চলেছ
তিনি কাছেই থাকবেন ।

সুদর্শনা । পাগলের মত বকিসনে । আমি রোহিণীকে সঙ্গে
নিতে চেয়েছিলুম সে গেল না । তুই কোন্ সাহসে
যেতে চাস্ ?

স্বরঙ্গমা । সাহস আমার নেই, শক্তিও আমার নেই ।
কিন্তু আমি যাব—সাহস আপনি আসবে, শক্তিও
হবে ।

সুদর্শনা । না, তোকে আমি নিতে পারব না—তোর কাছে
থাকলে আমার বড় গ্লানি হবে—সে আমি সহিতে
পারব না ।

স্বরঙ্গমা । মা, তোমার সমস্ত ভালোমন্দ আমি নিজের গায়ে
মেখে নিয়েছি—আমাকে পর করে' রাখতে পারবে
না—আমি যাবই !

গান

আমি তোমার প্রেমে হব সবার
কলঙ্কভাগী ।

আমি সকল দাগে হব দাগী ।

ৰাজ্য

তোমাৰ পথৰ কাঁটা কৰব চয়ন ;
যেথা তোমাৰ ধূলোৰ শয়ন
সেথা আঁচল পাতব আমাৰ
তোমাৰ ৰাগে অহুৰাগী ।

আমি শুচি আসন টেনে টেনে
বেড়াব না বিধান মেনে,
বে পক্ষে সেই চরণ পড়ে
তাহাৰি ছাপ বক্ষে মাগি !
